# S S FE

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## সাভার, ঢাকা-১৩৪২

## স্নাতকোত্তর (নিয়মিত) শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিভিন্ন বিভাগ/ইনস্টিউটের স্নাতক (সম্মান) শ্রেণীর চূড়ান্ত পর্বের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী/সম্পন্নকারী শিক্ষার্থীদেরকে স্নাতকোত্তর শ্রেণীতে সাময়িকভাবে/স্থায়ীভাবে ভর্তি প্রক্রিয়া অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

### ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলীঃ

নিম্নে উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক অনলাইন আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:

- I. masters.ju-admission.org ওয়েবসাইটে প্রবেশ করে Honours Registration Number এবং আপনার নিজস্ব মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন (Registration) এবং লগইন করে Apply for Admission মেনুতে ক্লিক করতে হবে।
- II. এরপর যেকোনো একটি Payment Gateway-এর মাধ্যমে নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে।
- III. যথাযথভাবে ভর্তি ফি প্রদান করলে ভর্তির জন্য অনলাইন আবেদন ফর্মটি আসবে এবং প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- IV. এরপর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আপনার আবেদনটি যাচাই করবে এবং যাচাই সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইলে যথাসময়ে ভর্তি নিশ্চায়ন এসএমএস পাঠানো হবে। এছাড়া আবেদনকারী ওয়েবসাইটে লগইন করেও তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারবে।
- V. ভর্তি নিশ্চায়ন হবার পর পুনরায় লগইন করে আপনার ভর্তি রশিদ প্রিন্ট করে সংরক্ষন করতে হবে।

সতর্কতা: একই মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক আবেদন করা যাবেনা।

#### বিভিন্ন বিভাগ/ ইনস্টিটিউটের ভর্তির ফি নিমুরুপ (সার্ভিস চার্জ ব্যতীত):

		পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য ভর্তি ফি	
অনুষদভূক্ত বিভাগসমূহ/ইনস্টিটিউট	ভর্তি ফি	শিক্ষক/কর্মকর্তার পোষ্য ও কর্মচারীর ভাই-বোন-এর ক্ষেত্রে	কর্মচারীর সন্তান-এর ক্ষেত্রে
গাণিতিক ও পদার্থবিষয়ক, জীববিজ্ঞান এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)	৪৬২ টাকা	৩৬৭ টাকা	১৮৭ টাকা
সমাজবিজ্ঞান (নৃবিজ্ঞান এবং সরকার ও রাজনীতি বিভাগ ব্যতীত), বিজনেস স্টাডিজ এবং ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ- জেইউ),আইন অনুষদ, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ।	8২১ টাকা	৩২৬ টাকা	১৮২ টাকা
কলা ও মানবিকী (নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগ ব্যতীত) এবং বঙ্গাবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট, নৃবিজ্ঞান বিভাগ এবং সরকার ও রাজনীতি বিভাগ।	৩৯৬ টাকা	৩০১ টাকা	১৫৭ টাকা

#### ভর্তির ক্ষেত্রে প্রয়োজন:

## (ক) আবেদনকারীর প্রয়োজনীয় তথ্য প্রদান:

( যেমন: এসএসসি ও এইচএসসি'র বোর্ড, প্রতিষ্ঠানের নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শাখা, পাশের সন এবং জিপিএ ইত্যাদি)।

#### (খ) যেসব সনদপত্র আপলোড করতে হবে

- ১. এস.এস.সি, এইচ.এস.সি পরীক্ষার মূল সনদপত্র ও স্লাতক পরীক্ষার নম্বরপত্রের অনুলিপি।
- ২. পাসপোর্ট আকারের রঙিন ছবি (<mark>৩০০ 🗴 ৩০০ পিক্সেল এবং ফাইল সাইজ ১০০ কিলোবাইটের বেশি নয়</mark>)।

স্বাক্ষরিত/- (**সৈয়দ মোহাম্মদ আলী রেজা**) ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)